তারিখ 14 JUN 2017
পৃষ্ঠা ৬ কলাম ৮

দৈনিক জনকণ্ঠ

# অধ্যাপক খান আবুল কালাম আজাদকে ঢামেকের নতুন প্রিন্সিপাল নিয়োগ

স্টাফ রিপোর্টার ॥ ঢাকা মেডিক্যাল কলেজের নতুন প্রিন্সিপাল পদে নিয়োগ পেলেন মেডিসিন বিশেষজ্ঞ অধ্যাপক খান মোঃ আবুল কালাম আজাদ। সোমবার স্বাস্থ্য মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত আদেশ জারি হয়েছে। আবুল কালাম আজাদ সাবেক প্রিন্সিপাল অধ্যাপক ডাঃ মোঃ ইসমাইল খানের স্থলাভিষিক্ত হলেন। সম্প্রতি অধ্যাপক ইসমাইল খান চট্টগ্রাম মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের প্রথম ভিসি হিসেবে নিয়োগ পান। ভিসি হিসেবে নিয়োগের জন্য তিনি গত মাসের মাঝামাঝি সময় প্রিন্সিপালের পদ থেকে পদত্যাগ করেন। তখন এ পদটি শূন্য হয়। এ পদে একাধিক মেডিক্যাল কলেজের অধ্যক্ষসহ বেশ কয়েকজন হেভিওয়েট প্রার্থী থাকলেও সার্বিক যোগ্যতায় প্রিন্সিপাল হিসেবে খান মোঃ আবুল কালাম আজাদ নিয়োগ পান। অধ্যাপক ডাঃ খান মোঃ আবুল কালাম আজাদ ১৯৮৩ সালে ঢাকা মেডিক্যাল কলেজ থেকে (কে-৩৫) এমবিবিএস পাস করেন। ১৯৮৩ সালের ২৭ নবেম্বর ইন সার্ভিস ট্রেইনি হিসেবে সরকারী চাকরিতে যোগদান করেন। তিনি ১৯৯১ সালে মেডিসিন বিষয়ে এফসিপিএস ও ১৯৯৯ সালে এমডি ডিগ্রি অর্জন করেন।